দৈনিক ইত্তেফাক

12 MAY 1987
তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ... 1 কলাম 6 ... ...
২৮শে বৈশাখ, ১৩৯৪

004

# 'পুরাতন জেলার মাদ্রাসাগুলি পর্যায়ক্রমে সরকারীকরণ করা হইবে'

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলিয়াছেন, কলেজ ও মাধ্যমিক স্কুলের মত পুরাতন জেলা পর্যায়ে উন্নতমানের সুষ্ঠুভাবে পরিচালিত মাদ্রাসাগুলিকে পর্যায়ক্রমে সরকারীকরণ করা হইবে। তিনি গতকাল (সোমবার) জাতীয় শিক্ষা সম্প্রসারণ, প্রশিক্ষণ ও গবেষণা ইনষ্টিটিউটে (নিয়েয়ার)

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## পুরাতন জেলার

(১ম পৃঃ পর)

অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষদের সনদ বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিতেছিলেন। শিক্ষামন্ত্রী উল্লেখ করেন, সরকার ইতিমধ্যেই ২০০ মাদ্রাসাকে বর্তমান পঞ্চবার্ষিক পরিকল্পনায় উন্নয়নের জন্য গ্রহণ করিয়াছেন।

উচ্চ পর্যায়ে মাদ্রাসাগুলিকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহিত সম্পৃক্ত করা হইবে। শিক্ষা পরিদপ্তরে মাদ্রাসার জন্য পর্যাপ্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডকে আরো শক্তিশালী ও সক্রিয় করা হইবে।

তিনি বলেন, মাদ্রাসা সমূহের অধ্যক্ষ ও উপ-অধ্যক্ষদের পর্যায়ক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে এবং সেজন্য তিনি তাৎক্ষণিকভাবে (নিয়েয়ার) ইনষ্টিটিউটের কর্মকর্তাদের নির্দেশ দেন।

তিনি বলেন, আমরা এমন মাদ্রাসা শিক্ষা প্রবর্তন করিতে চাই যে শিক্ষার প্রয়োগ ক্ষেত্র হইবে সবসময় সর্বত্র, শুধুমাত্র মসজিদ বা ধর্মীয় আচার অনুষ্ঠানে সীমাবদ্ধ নয়।